

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
জেলা কার্যালয়, গাইবান্ধা।

E-mail: gaibandha@dnc.gov.bd

নং-৫৮.০২.৩২০০.১৬৬.০৭.০০১.২০. ১৬৭

২০ চৈত্র, ১৪২৯

তারিখ :-----
০৩ এপ্রিল, ২০২৩

প্রতি
স্বত্বাধিকারী

.....
.....।


বিষয় : মাদকবিরোধী শ্লোগান সম্বলিত “জীবনকে ভালবাসুন, মাদক থেকে দূরে থাকুন” লিফলেট সরবরাহের দরপত্র/কোটেশন বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়ের ২২.০২.২০২৩ তারিখের স্মারক নম্বর-৫৮.০২.০০০০.০০৪.২০.০০২.২২.৫৮৮ পত্রে চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় সরবরাহকৃত সিডিউল মোতাবেক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাইবান্ধায় মাদকবিরোধী শ্লোগান সম্বলিত “জীবনকে ভালবাসুন মাদক থেকে দূরে থাকুন” লিফলেট সরবরাহের জন্য “দরপত্র/কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন”(RFQ) পদ্ধতিতে আগ্রহী প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র/কোটেশন আহবান করা যাচ্ছে। প্রদত্ত শর্তাবলী সাপেক্ষে আগ্রহী প্রকৃত প্রতিষ্ঠানকে নির্ধারিত ছক পূরণ পূর্বক নিজস্ব প্যাডে আগামী ১২/০৪/২০২৩ খ্রি. তারিখ রোজ বুধবার বেলা ১১.০০ ঘটিকার মধ্যে উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাইবান্ধা বরাবর সীলমোহরকৃত খামে নিম্নবর্ণিত শর্তাবলী অনুযায়ী কোটেশন/দরপত্র দাখিল করতে হবে।

শর্তাবলী :

১. দরপত্র/কোটেশন এর সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, TIN নম্বরসহ আয়কর প্রদানের সনদপত্র এবং ভ্যাট নিবন্ধন সনদপত্রের ফটোকপি দাখিল করতে হবে।
২. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিকৃত আইটেমের পরিমাণ বাড়ানো বা কমানোর ক্ষমতা সংরক্ষণ করেন।
৩. দরপত্র উল্লেখ করার সময় টাকার পরিমাণ অংকে ও কথায় লিখতে হবে এবং কোটেশন/দরপত্রে কোন কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য নয়। একক দর ও মোট দরের মধ্যে কোন গরমিল দেখা দিলে একক দর গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।
৪. কৃতকার্য দরদাতাকে অবশ্যই সরকারী নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।
৫. অন্যান্য শর্ত যা সংশ্লিষ্ট অফিস তার কাজ সম্পাদন করার ক্ষেত্রে প্রয়োজন মনে করবে তা সংযুক্ত করতে পারবে।
৬. দরপত্র/কোটেশনসমূহ আগামী ১২/০৪/২০২৩ খ্রি. তারিখ রোজ বুধবার বেলা ১১.০০ ঘটিকার মধ্যে উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, দক্ষিণ ধানঘড়া, এসপি অফিসের দক্ষিণ পার্শ্বে গাইবান্ধায় টেন্ডার বক্সে দাখিল করা যাবে। নির্ধারিত সময় উত্তীর্ণের পর কোন অবস্থাতেই কোন দরপত্র/কোটেশন গ্রহণ করা হবে না। একই দিন বেলা ১১.৩০ ঘটিকায় দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার বক্স খোলা হবে।
৭. কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে যে কোন কোটেশন/দরপত্র গ্রহণ এবং সকল কোটেশন/দরপত্র পূর্ণ বা আংশিক বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
৮. সরবরাহকৃত মাদকবিরোধী শ্লোগান সম্বলিত “জীবনকে ভালবাসুন মাদক থেকে দূরে থাকুন” লিফলেট সরবরাহের পর কোন ত্রুটি ধরা পড়লে অথবা কোটেশন/দরপত্র মূল্যায়ন কমিটি সিডিউল মোতাবেক অভিমত ব্যক্ত করলে তা অবশ্যই প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক নিজ দায়িত্বে ও নিজ খরচে পরিবর্তন বা সংশোধন করে দিতে বাধ্য থাকবেন। এ ক্ষেত্রে কোনরূপ আপত্তি গৃহীত হবে না। Maintenance পরিবর্তনের প্রয়োজন হলে সরবরাহকারী প্রতিষ্ঠান তা ঠিক করবেন।
৯. প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে সিডিউল মোতাবেক মাদকবিরোধী শ্লোগান সম্বলিত “জীবনকে ভালবাসুন মাদক থেকে দূরে থাকুন” লিফলেট নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা প্রদানপূর্বক বিল দাখিল করতে হবে। বিলের টাকা চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।
১০. শর্ত ভঙ্গের কারণে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কোন ক্ষতির উত্তর ঘটলে সেই ক্ষতির দ্বিগুন পরিমাণ আদায়ে অধিদপ্তরের ক্ষমতা থাকবে এবং এটি গণদাবী (Public Demand) হিসাবে গণ্য হবে।

সংযুক্তি:সিডিউল ০১ (এক) পাতা।


০৬.০৪.২০২৩
(মোহাম্মদ শহিদুল মান্নান কবীর)
উপপরিচালক

ও

সভাপতি

দরপত্র উন্মুক্তকরণ ও প্রস্তাব মূল্যায়ন কমিটি


বিতরণ:

১. নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা।
২. নোটিশ বোর্ড, জেলা পুলিশ সুপারের কার্যালয়, গাইবান্ধা।
৩. নোটিশ বোর্ড, জেলা তথ্য অফিস/গণপূর্ত বিভাগ/বিআরটিএ, গাইবান্ধা।
৪. নোটিশ বোর্ড, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাইবান্ধা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
জেলা কার্যালয়, গাইবান্ধা।
E-mail: gaibandha@dnc.gov.bd

বিষয়: মাদকবিরোধী শ্লোগান সম্বলিত লিফলেট “জীবনকে ভালবাসুন মাদক থেকে দূরে থাকুন” দরপত্র।

| ক্রমিক নং | কাজের বিবরণ | সংখ্যা | দর (প্রতিটি) | সর্বমোট (টাকা) |
|-----------|---|----------|--------------|----------------|
| ০১. | লিফলেট: পরিমাণ: ৩০,০০০টি ছাপা: ০৪ কালার প্লেট: ফুজি পর্জিটিভ: ফুজি ক্রিজ: অটো মেশিনে ক্রিজ বাঁধাই: খ্রি ভাঁজ-১০০ করে রাবার দিয়ে বাঁধাই | ৩০,০০০টি | - | - |
| | | | সর্বমোট: | |


০৬.০৪.২০২৩
(মোহাম্মদ শহিদুল মান্নাফ কবীর)
উপপরিচালক
ও
সভাপতি
দরপত্র উন্মুক্তকরণ ও প্রস্তাব মূল্যায়ন কমিটি